গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.১৯- ৯৯৭

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## সংশোধিত পরিপত্র

### বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত।

"Getting Electricity (rank)–Ease of Doing Business" এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সময়সীমা অনুসরণ করতে হবেঃ

### উচ্চ চাপে বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

১) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ০৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে;

২) তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৮ দিনের মধ্যে লোড বরাদ্দ করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে;

৩) ডিমান্ড নোট প্রাপ্তির ০৩ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমান্ড নোটের অর্থ জমা দিতে হবে। যদি উক্ত সময়সীমার মধ্যে আবেদনকারী অর্থ পরিশোধে ব্যর্থ হয় তা হলে আবেদনের প্রসেস আর্কাইভ হয়ে যাবে। অর্থ পরিশোধের পরে আবেদন প্রসেস পূণরুজ্জীবিত করতে হবে;

৪) টাকা জমা দেওয়ার পরবর্তী ০২ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে;

### আবাসিক সংযোগ

৫) আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ০১ থেকে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।

নোটঃ ইপিজেড, বেজা এলাকায় সকল শর্ত পূরণ করলে ২৪ ঘন্টার মধ্যে সংযোগ প্রদান করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২০/০২/২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সম-২)
ফোনঃ ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৯। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
১২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

(৭৬)

অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮-৩৮ তারিখঃ ০১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে যে সমস্ত ডকুমেন্টস এর প্রয়োজন তার একটি সাধারণ ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৭/১০/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী Unified List of Documents বিষয়ে কোন সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা পর্যালোচনার জন্য কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি কর্তৃক Unified List of Documents পর্যালোচনান্তে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সংশোধিত একটি কমন (সাধারণ) ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রণয়ন করা হয়েছে। উক্ত কমন (সাধারণ) ডকুমেন্টস এর তালিকা যথাযথভাবে অনুসরণপূর্বক স্ব স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করে স্ন্যাপ শট (Snap Shot) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ ডকুমেন্টস এর তালিকা (Unified List of Documents)।

স্বাঃ ১৫.০১.২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সমন্বয়-২)
ফোন: ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। প্রধান বিদ্যুৎ পরিদর্শক; প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, জ্যোৎস্না কমপ্লেক্স, ২৪, তোপখানা রোড, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো), ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। যুগ্মসচিব (সমন্বয়-৩), বিদ্যুৎ বিভাগ। ১৫/১/২০
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

# বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা
## (সকল বিতরণ সংস্থা/কোম্পানির জন্য প্রযোজ্য)

### ১) আবাসিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।

[বিঃ দ্রঃ আবাসিক গ্রাহকের লোড ৫০ কিলোওয়াটের উপরে হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে]

### ২) বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বাণিজ্যিক ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৬। এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে।

### ৩) শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। শিল্প সংযোগের ক্ষেত্রে লোড ৫০ কিলোওয়াটের অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন ও অগ্নি নির্বাপন সনদ লাগবে।

## ৪) শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/সেবামূলক প্রতিষ্ঠান/হাসপাতালে সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজপত্র;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/সরকার কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) লাগবে।

## ৫) সামাজিক বা বাণিজ্যিক কর্মকান্ড বা নির্মাণ কাজের জন্য অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জাতীয় পরিচয় পত্রের ফটেকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সামাজিক বা বাণিজ্যিক কর্মকান্ডের জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্র;

৪। ডেভেলপার কর্তৃক ভবন নির্মাণ করা হলে ভূমির মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব এটর্নি।

## ৬) সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির ক্ষেত্রে);

২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সেচ কমিটির অনুমোদনপত্র।

১৫/১২/২০২০

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
যুগ্ম-সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৭৩

৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা তদুর্ধ্ব ক্ষমতার উচ্চচাপের বৈদ্যুতিক উপকেন্দ্র চালু করার
অনুমোদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস

১। ট্রান্সফরমারের স্পেসিফিকেশন ও প্রস্তুতকারকের টেষ্ট সার্টিফিকেটের কপি;

২। এইচ/এলটি সুইচগিয়ার, পিএফআই প্ল্যান্ট, ড্রপআউট ফিউজ ও লাইটনিং এ্যারেষ্টরের বিশদ বিবরণ/স্পেসিফিকেশন;

৩। উপকেন্দ্রের সিংগেল লাইন ডায়াগ্রাম ৪(কপি)সহ ফ্লোর প্ল্যানে সঠিক পরিমাপসহ উপকেন্দ্রের লে-আউট ড্রয়িং ০১(এক) কপি;

৪। সরকার অনুমোদিত সংস্থা কর্তৃক ট্রান্সফরমার তৈলের সদ্য সম্পাদিত টেষ্ট রিপোর্ট;

৫। কার্য সম্পাদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক উপকেন্দ্র ও অভ্যন্তরীণ ওয়্যারিং এর ইনস্যুলেশন ও আর্থ টেষ্ট রিপোর্ট;

৬। উপকেন্দ্র ও বৈদ্যুতিক স্থাপনার কাজ সম্পাদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের বৈধ ঠিকাদারী লাইসেন্স ও তাঁর অধীনে নিয়োগকৃত সুপারভাইজারের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;

৭। রাজউক/চউক/রাউক/সিটি কর্পোরেশন/পৌরসভা ইত্যাদি বা সরকার অনুমোদিত সংস্থা কর্তৃক অনুমোদিত ভবনের লে-আউট প্ল্যানের (সাব-স্টেশনের অবস্থানসহ) ০১ (এক) কপি;

৮। মালিকানার স্বপক্ষে জমির দলিল/চুক্তিপত্রের কপি;

৯। গ্রাউন্ড ফ্লোর ব্যতীত অন্যান্য ফ্লোরে সাব-স্টেশন স্থাপনের ক্ষেত্রে:-

ক) নিবন্ধিত কনসালটেন্টের নিকট থেকে নিরাপত্তা সনদপত্র;

খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে প্রাপ্ত সনদপত্র;

গ) ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বিল্ডিং এর স্বত্বাধিকারীর নির্ধারিত অঙ্গীকারনামা।

২৫/১/২০২০

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
যুগ্ম-সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার